দৈনিক জনকণ্ঠ

21 MAY 2008

7 2

# তিন বিশ্ববিদ্যালয়ের ভিসি অপসারিত

**স্টাফ রিপোর্টার ॥** তিন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অপসারণ করা হয়েছে। নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগে তাঁদের অপসারণ করা হয়েছে। রাষ্ট্রপতির অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার পৃথক তিনটি প্রজ্ঞাপনের মাধ্যমে এই আদেশ জারি করে।

অপসারণকৃত উপাচার্যরা হলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোশাররফ হোসাইন মিঞা, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবুল খায়ের এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপচার্য অধ্যাপক ড. আবদুল লতিফ।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে সম্পূর্ণ সাময়িকভাবে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের

(১১-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## তিন বিশ্ববিদ্যালয়ের

*(প্রথম পাতার পর)* ভেটেরিনারি অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ আকতার হোসেন, খুলনা বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন বিভাগের অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ডিন ড. মোঃ হারুনুর রশীদকে যথাক্রমে উক্ত বিশ্ববিদ্যালয় ত্রয়ের উপচার্যের দায়িত্ব পালন করবেন।

জানা গেছে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবুল খায়ের চা খরচ বাবদ প্রতিদিন বিশ্ববিদ্যালয় থেকে এক হাজার করে টাকা নিতেন। এ ছাড়া এই তিন উপচার্যের বিরুদ্ধে লোক নিয়োগে অনিয়ম ও দুর্নীতিসহ টাকা আত্মসাতের অভিযোগে তাঁদের এ পদ থেকে অপসারণ করা হয়েছে।